

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৯৬

৩/ হায়িয (كتاب الحيض)

পরিচ্ছেদঃ ৩/২১. মনী নির্গত হলে গোসল অপরিহার্য (যা পরবর্তী অধ্যায়ে উল্লেখিত হাদীস দ্বারা রহিত হয়ে গেছে)।

إنما الماء من الماء

আরবী

حَدِيْثُ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم أَرْسَلَ إِلَى رَجُلٍ مِنَ الْأَنْصَارِ فَجَاءَ وَرَأْسُهُ يَقْطُرُ فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم لَعَلَّنَا أَعْجَلْنَاكَ فَقَالَ نَعَمْ فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم إِذَا أُعْجِلْتَ أَوْ قُحِطْتَ فَعَلَيْكَ الْوُضُوءُ

বাংলা

১৯৬. আবূ সা'ঈদ খুদরী (রাযি.) হতে বর্ণিত যে, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক আনসারীর নিকট লোক পাঠালেন। তিনি আসলেন। তখন তাঁর মাথা থেকে পানির ফোঁটা ঝরছিল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ 'সম্ভবত আমরা তোমাকে তাড়াহুড়া করতে বাধ্য করেছি।' তিনি বললেন, 'জী।' আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ যখন তাড়াহুড়ার কারণে মনী বের না হবে (অথবা বললেন), মনীর অভাবজনিত কারণে তা বের না হবে তখন উযু করে নিবে।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৪; উযু, অধ্যায় ৩৪, হাঃ ১৮০; মুসলিম, পর্ব ৩: হায়য, অধ্যায়২১, হাঃ ৩৪৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন